

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ২৫

💵 আরবি মূল আয়াত:

كَذَّبَ الَّذِينَ مِن قَبلِهِم فَاتنهُمُ العَذَابُ مِن حَيثُ لَا يَشعُرُونَ ﴿٢٥﴾

🗚 অনুবাদসমূহ:

তাদের পূর্বে যারা ছিল, তারাও অস্বীকার করেছিল, ফলে তাদের প্রতি এমন ভাবে আযাব এসেছিল যে, তারা অনুভব করতে পারেনি। — আল-বায়ান

তাদের পূর্ববর্তীরাও (নুবুওয়াতকে) অস্বীকার করেছিল। অতঃপর তাদের কাছে এমন দিক থেকে 'আযাব এসেছিল যা তারা একটু টেরও পায়নি। — তাইসিরুল

তাদের পূর্ববর্তীরাও মিথ্যা আরোপ করেছিল, ফলে শাস্তি তাদেরকে গ্রাস করল তাদের অজ্ঞাতসারে। — মুজিবুর রহমান

Those before them denied, and punishment came upon them from where they did not perceive. — Sahih International

২৫. তাদের পূর্ববর্তীগণও মিথ্যারোপ করেছিল, ফলে শাস্তি এমনভাবে তাদেরকে গ্রাস করল যে, তারা অনুভবও করতে পারেনি।

তাফসীরে জাকারিয়া

- (২৫) ওদের পূর্ববর্তীগণও মিথ্যা মনে করেছিল, ফলে ওদের অজ্ঞাতসারে ওদের উপর শাস্তি এল।[1]
 - [1] এবং তাদেরকে সেই শাস্তি থেকে কেউ বাঁচাতে পারেনি ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4083

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন